

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



০২/০৯/১৪২৬বঙ্গাব্দ

তারিখ: ১৪/১২/২০১৯খ্রিস্টাব্দ

স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.৩১৯.২০১৯/ ৬৫৬৪/২

বিষয়: গাইবান্ধা জেলার সাদুল্লাপুর উপজেলাধীন নলডাঙ্গা ডিগ্রি মহাবিদ্যালয়ের জনাব রাজিব কুমার দত্ত, প্রভাষক (ইংরেজী) এর এমপিওভুক্তি সংক্রান্ত।

সূত্র: অধ্যক্ষের পত্র নং-১৮৪/নল/২০১৯-২০; তারিখ: ১৫/০৯/২০১৯খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রক্ষিতে জানানো যাচ্ছে যে, গাইবান্ধা জেলার সাদুল্লাপুর উপজেলাধীন নলডাঙ্গা ডিগ্রি মহাবিদ্যালয়ের জনাব রাজিব কুমার দত্ত, প্রভাষক (ইংরেজী) এর এমপিওভুক্তির বিষয়ে মতামত প্রদান করার জন্য অধ্যক্ষ সভাপতির প্রতিস্বাক্ষরে আবেদন করেন।

গাইবান্ধা জেলার সাদুল্লাপুর উপজেলাধীন নলডাঙ্গা ডিগ্রি মহাবিদ্যালয়ের শূন্য পদে ১ম স্থান অধিকারী মোঃ সাজ্জাদ হোসেনকে নিয়োগ পত্র প্রদান করা হলে ১ম স্থান অধিকারী প্রভাষক (ইংরেজী) পদে যোগদান না করায় পরবর্তীতে ১ম স্থান অধিকারী নিয়োগ পত্র দেয়া হয় না বলে মামলা নং-০৪/২০১৭ বাদীপক্ষ কোর্টে উপস্থিত না হওয়ায় মামলাটি খারিজ হয়। শূন্য পদে সরকারি বিধি মোতাবেক ও জিবির সভায় সিদ্ধান্ত অনুযায়ী সরকারি ও জাতীয় বিশ্ববিদ্যালয় নিয়োগ বিধি অনুযায়ী ২য় স্থান অধিকারী রাজিব কুমার দত্তকে ২২,০০০/- টাকা এবং ৯ কোডে নিয়োগ প্রদান করা হয়। সে মোতাবেক ৩০/০৫/২০১৫খ্রি. তারিখে প্রভাষক (ইংরেজী) পদে যোগদান করেন এবং তার যোগদান পত্র গ্রহণ করা হয়।

জনাব রাজিব কুমার দত্ত, প্রভাষক (ইংরেজী) এর এমপিওভুক্তির জন্য সেপ্টেম্বর/২০১৯ মাসে অন লাইনে আবেদন করা হয়। আঞ্চলিক কার্যালয়, রংপুর মামলা নং- ০৪/২০১৭ এর রায়ের প্রেক্ষিতে এমপিওভুক্তি করা যাবে কিনা সে বিষয়ে মতামত চেয়ে আবেদনটি রিজেক্ট করেন। এজন্য আইনগত মতামত প্রদান করার জন্য অধ্যক্ষ আবেদন করেন।

আইন শাখার মতামত: দেওয়ানী মামলা নং- ০৪/২০১৭ এর আদেশের বিরুদ্ধে কোন আপিল হয়েছে কি না, হয়ে থাকলে আপিলের তথ্য প্রেরণ করার জন্য অধ্যক্ষের নিকট চাওয়া যেতে পারে।

এমতাবস্থায়, আইন শাখার মতামত অনুযায়ী দেওয়ানী মামলা নং- ০৪/২০১৭ এর আদেশের বিরুদ্ধে কোন আপিল হয়ে থাকলে আপিলের তথ্য/কাগজপত্র প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৪/১২/১৯

(মো. আবদুল কাদের)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন: ৯৫৫৬০৫৭

Email-ncollege@dshe.gov.bd

অধ্যক্ষ

নলডাঙ্গা ডিগ্রি মহাবিদ্যালয়

সাদুল্লাপুর, গাইবান্ধা

অনুলিপি প্রয়োজনীয় কার্যার্থে:

- ১। সভাপতি, পরিচালনা পরিষদ, নলডাঙ্গা ডিগ্রি মহাবিদ্যালয়, সাদুল্লাপুর, গাইবান্ধা
- ২। সংরক্ষণ নথি।